গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
আইন অধিশাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০৩৭.০৪.০১৩.২০-৪৬৭

তারিখ: ১৫.০৩.১৪৩২ বঙ্গাব্দ
২৯.০৬.২০২৫ খ্রিষ্টাব্দ

## প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

সড়ক পরিবহন ও মহসড়ক বিভাগের বিরুদ্ধে বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগের জন্য ০৫ জন, নিম্ন আদালতের জন্য ০৩ জন এবং প্রশাসনিক ট্রাইব্যুনালের জন্য ০১ জনসহ সর্বমোট ০৯ (নয়) জন বেসরকারি প্যানেল আইনজীবী নিয়োগ করা হবে। উল্লিখিত পদে আগ্রহী আইনজীবীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

০১. আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে এবং ঢাকায় বসবাস করতে হবে;

০২. আবেদনকারীর নাম, পিতা/স্বামী/মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, বয়স, ই-মেইল উল্লেখসহ সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি রঙিন ছবিযুক্ত পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত দাখিল করতে হবে;

০৩. বাংলাদেশ বার কাউন্সিল এর সদস্য-সনদ/সংশ্লিষ্ট বারের সদস্য-সনদ/পেশাগত সনদ, জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি এবং অভিজ্ঞতা সনদ-সহ সকল সনদের সত্যায়িত কপি আবেদনের সাথে জমা দিতে হবে;

০৪. সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে;

০৫. আপিল বিভাগে মামলা পরিচালনার অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে;

০৬. নিম্ন আদালতে আইনজীবী হিসেবে কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে;

০৭. প্রশাসনিক ট্রাইব্যুনালে আইনজীবী হিসেবে কমপক্ষে ০৭ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে;

০৮. মামলা পরিচালনার জন্য ২ বৎসরের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ করা হবে এবং সরকার নির্ধারিত ফি প্রদান করা হবে। তবে প্রাপ্য ফি/সম্মানী/খরচ হতে বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট কর্তন করা হবে;

০৯. অন্য কোনো প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তা উল্লেখ করতে হবে;

১০. যে আদালতের জন্য আবেদন করবেন সেই আদালতের নাম খামের উপরে এবং আবেদনে উল্লেখ করতে হবে (উদাহরণস্বরূপ: হাইকোর্ট/অধঃস্তন আদালত/প্রশাসনিক ট্রাইবুনাল);

১১. নিয়োগের শর্তাবলী চুক্তি দ্বারা নির্ধারিত হবে;

১২. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোনো আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১৩. আগামী ২৯.০৭.২০২৫ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে সচিব/সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ভবন নম্বর-৭, কক্ষ নম্বর- ৮০৮, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আবেদনপত্র পৌঁছাতে হবে।

২৯.০৬.২৫
সুলতানা রাজিয়া
যুগ্মসচিব (আইন)
ও
সদস্য-সচিব
আইনজীবী নিয়োগ/নবায়ন সংক্রান্ত কমিটি
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ



CamScanner